

ভর্তি শিক্ষার্থীদের সহায়তায় আগাম প্রস্তুতি রাজশাহী কলেজের বিভিন্ন সংগঠনগুলোর

মুজাহিদুল ইসলাম, কন্ট্রিবিউটিং রিপোর্টার, রাজশাহী কলেজ

প্রকাশিত: ২০:৪২, ৩০ মে ২০২৫; আপডেট: ২০:৪৩, ৩০ মে ২০২৫



জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষায় ভর্তিচ্ছুদের সহায়তায় আগাম প্রস্তুতির সম্পূর্ণ করেছে রাজশাহী কলেজের বিভিন্ন


সংগঠনগুলো। আগামীকাল ৩১ মে (শনিবার) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে রাজশাহী কলেজে অনুষ্ঠিত হতে যাচ্ছে ২০২৪-২০২৫ সেশনের অনার্স ১ম বর্ষের ভর্তি পরীক্ষা।



সরেজমিনে দেখা যায়, আগামীকালের পরীক্ষা কে কেন্দ্র রাজশাহী কলেজের বিভিন্ন সংগঠনগুলো সকাল থেকে তাদের হেল্প ডেস্ক প্রস্তুতসহ নানা কাজে ব্যস্ত সময় অতিবাহিত করছে। আগামীকাল শিক্ষার্থীদের সহায়তা প্রদানের লক্ষ্যে ছাত্রদল, ছাত্রশিবির, ইসলামি ছাত্র আন্দোলন বাংলাদেশসহ বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে রাজশাহী কলেজের বাহিরে প্রায় দশটির অধিক বিভিন্ন সহায়তা কেন্দ্র স্থাপন করা হয়েছে। এর মধ্যে রয়েছে তথ্য কেন্দ্র, অভিভাবকদের জন্য বিশ্রামের জায়গা, শিক্ষার্থীদের প্রয়োজনীয় সামগ্রিক রাখার ব্যবস্থাসহ বিভিন্ন উদ্যোগ। আগামীকালের পরীক্ষার বিষয়ে প্রতিটি সংগঠনের পক্ষে থেকে জানানো হয় তারা শিক্ষার্থীদের সহায়তায় নিজেদের অবস্থান থেকে সর্বোচ্চ প্রস্তুতি গ্রহণ করেছেন।

উল্লেখ্য, এ বছর রাজশাহী কলেজে ২৪ টি বিভাগের ৪,২৪০টি আসনের বিপরীতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করবেন ১৫,৮৫৭ জন পরীক্ষার্থী।

১৫,৮৫৭ জন পরীক্ষার্থীর মধ্যে বিজ্ঞান বিভাগে ৮৮০টি আসনের বিপরীতে পরীক্ষায় অংশগ্রহণ করবে ৮,৮৪২ জন, মানবিক বিভাগে ২,৪৫৫টি আসনের বিপরীতে পরীক্ষায় অংশগ্রহণ করবেন ৫,৬৯৫ জন ও ব্যবসায় শিক্ষা বিভাগে ৯০৫টি আসনের বিপরীতে ১,৩২০ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করবে।



নয় বছরের আমানের বিশ্বরেকর্ড | News | ...



Watch on 

নয় বছরের আমানের বিশ্বরেকর্ড | News | Sports | Janakantha

এছাড়াও আগামীকালের পরিক্ষা কে কেন্দ্র করে কলেজ প্রশাসনের পক্ষে থেকেও সার্বিক বিষয়ে প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।